দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 MAY 1998
পৃষ্ঠা 2 কলাম 2

# ছাত্রদল ভিসির নিকট ৩৩২ জনের তালিকা প্রদান করিয়াছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারটি হল হইতে বিতাড়িত ছাত্রদল নেতা-কর্মীদের আজ (মঙ্গলবার) বিকালে (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্রদল ভিসির

(১ম পৃঃ পরঃ)

হলে পুনর্বাসিত করা হইতে পারে। ছাত্রদল কবি জসীম উদ্দীন হল, সূর্যসেন হল, বঙ্গবন্ধু হল ও জিয়াউর রহমান হল হইতে গত ২২ ও ২৩শে এপ্রিল সহিংস ঘটনাকালে বিতাড়িতদের ৩৩২ জনের একটি তালিকা গতকাল রাতে ভিসির নিকট প্রদান করিয়াছে। উল্লেখিত ৪টি হলের প্রভোষ্টরাও ভিসিকে হলে অনুপস্থিত ছাত্রদের একটি তালিকা দিয়াছেন। আজ সকাল ১০টায় ৪টি হলের প্রভোষ্টদের এক বৈঠকে বিতাড়িত ছাত্রদের এই দুই তালিকা মিলাইয়া দেখা হইবে। পরে হল খালি করিয়া প্রকৃত ছাত্রদের হলে প্রত্যার্পণ করান হইতে পারে। ছাত্রদল গতকাল তাহাদের তালিকা দিতে বিলম্ব করায় হলে পুনর্বাসনের সময় গতকাল নির্ধারিত হইতে পারে নাই। ছাত্রদল তাহাদের হল বিতাড়িত নেতা-কর্মীদের যে তালিকা দিয়াছে তাহার মধ্যে রহিয়াছে ঃ কবি জসীম উদ্দীন হলের ৮৫ জন, বঙ্গবন্ধু হলের ১০৪ জন, সূর্যসেন হল হইতে ৭৮ জন এবং জিয়া হলের ৬৫ জন।